VAALIT
VAL

## ২০২৫ সালের আঞ্চলিক এবং পৌরসভা নির্বাচন সম্পর্কে তথ্য

ফিনল্যান্ডে আঞ্চলিক ও পৌরসভা নির্বাচন রবিবার **১৩.৪.২০২৫** তারিখে অনুষ্ঠিত হবে। প্রতি চার বছর অন্তর আঞ্চলিক ও পৌরসভা নির্বাচনে কল্যাণ অঞ্চলের পৌরসভা পরিষদ এবং আঞ্চলিক পরিষদ নির্বাচিত হয়।

ফিনল্যান্ড বিভিন্ন পৌরসভাতে বিভক্ত, যারা, সংবিধান অনুসারে স্বায়ত্তশাসনের মাধ্যমে কার্য সম্পাদন করে (731/1999) । অধিবাসীদের জন্য পৌরসভা মৌলিক পরিষেবা প্রদান করে। নির্বাচিত পরিষদ পৌরসভার সর্বোচ্চ সিদ্ধান্ত গ্রহণকারী কর্তৃপক্ষ।

সংবিধান অনুসারে, পৌরসভার থেকে বৃহত্তর প্রশাসনিক এলাকায় স্বায়ত্তশাসন আইন দ্বারা নিয়ন্ত্রিত হয় । ২০২১ সালে, ফিনল্যান্ডে ২১-টি স্ব-শাসিত কল্যাণ অঞ্চল প্রতিষ্ঠিত হয়েছিল, যাদের পৌরসভা থেকে সামাজিক ও স্বাস্থ্যসেবা এবং উদ্ধার অভিযান সংগঠিত করার দায়িত্ব দেওয়া হয়েছিল। নির্বাচিত আঞ্চলিক পরিষদ কল্যাণ অঞ্চলের সর্বোচ্চ সিদ্ধান্ত গ্রহণকারী কর্তৃপক্ষ।

অল্যান্ড দ্বীপপুঞ্জে আঞ্চলিক ও পৌরসভা নির্বাচন হয় না। হেলসিঙ্কি শহরের অধিবাসীরা কেবল পৌরসভা নির্বাচনে ভোট দেওয়ার অধিকারী, কারণ হেলসিঙ্কি কোনও কল্যাণ অঞ্চলে অন্তর্ভুক্ত নয়।

## ভোটাধিকার - কারা ভোট দিতে পারবেন?

আঞ্চলিক এবং পৌরসভা নির্বাচনে ভোট দেওয়ার অধিকারের জন্য শর্ত হল নির্বাচনের দিন (১৩.৪. ২০২৫)- এর মধ্যে আপনার বয়স ১৮ বছর পূর্ণ হয়েছে।

এছাড়াও, ফিনল্যান্ডে আপনার বসবাসের জায়গা একটি পৌরসভার অন্তর্ভুক্ত হতে হবে:

- ফিনল্যান্ড বা অন্য কোনও ইউরোপীয় ইউনিয়নের দেশের, আইসল্যান্ড বা নরওয়ের নাগরিকদের সর্বশেষ ২১.২.২০২৫-তারিখের মধ্যে ফিনল্যান্ডে একটি পৌরসভার অন্তর্ভুক্ত শহরে নিবন্ধিত বাসস্থান থাকতে হবে।

• অন্যান্য দেশের নাগরিকদের অবশ্যই ২১.২.২০২৫-এর মধ্যে একাদিক্রমে কমপক্ষে দুই বছর ফিনল্যান্ডে নিবন্ধিত আবাসিক পৌরসভা থাকতে হবে।

আবাসিক পৌরসভা নির্ধারণ করা হয় পৌরসভা আবাসিক আইন অনুযায়ী (210/1994)। আপনার নিজস্ব আবাসিক পৌরসভা সাধারণত আপনি যেখানে থাকেন সেই পৌরসভা।

২০২৫ সালের আঞ্চলিক এবং পৌরসভা নির্বাচনে, আপনি সেই পৌরসভা এবং কল্যাণ অঞ্চলে ভোট দেওয়ার অধিকারী, যে পৌরসভা ২১.২.২০২৫ তারিখে রাত ১২-টায় জনসংখ্যা তথ্য সংস্থায় আপনার আবাসিক পৌরসভা হিসাবে নিবন্ধিত।

প্রয়োজনে, আপনি ডিজিটাল এবং জনসংখ্যা তথ্য সংস্থাতে আপনার পৌরসভার আবাসনের তথ্য সম্পর্কে জানতে পারবেন।

পৌরসভা নির্বাচনে, আপনি শুধুমাত্র আপনার নিজের পৌরসভার প্রার্থীকে ভোট দিতে পারবেন। আঞ্চলিক নির্বাচনে, আপনি শুধুমাত্র আপনার নিজের কল্যাণ অঞ্চলের প্রার্থীকে ভোট দিতে পারবেন।

ফিনল্যান্ডে নির্বাচনে ভোটদান বাধ্যতামূলক নয়।

## যাদের ভোট দেবার অধিকার আছে তাদের ভোটাধিকারের বিজ্ঞপ্তি পাঠানো হবে

নির্বাচনের আগে ফিনিশ ডিজিটাল এবং জনসংখ্যা তথ্য সংস্থা একটি ভোটার তালিকা বা রেজিস্টার তৈরি করবে, যেখানে আঞ্চলিক এবং পৌর নির্বাচনে ভোট দেবার অধিকারী ব্যক্তিদের নাম থাকবে। আপনাকে ভোটারদের তালিকায় আলাদাভাবে রেজিষ্ট্রী করতে হবে না।

ডিজিটাল এবং জনসংখ্যা তথ্য সংস্থা **২০.৩.২০২৫** তারিখের মধ্যে ভোটারদের তাদের ভোটাধিকার সম্পর্কে একটি বিজ্ঞপ্তি পাঠাবে। আপনি যদি Suomi.fi পরিষেবা ব্যবহার করেন তবে আপনাকে কেবলমাত্র ইলেকট্রনিকভাবে আপনার ভোটাধিকারের বিজ্ঞপ্তি পাঠান হবে (আরও তথ্যের জন্য- www.suomi.fi/viestit দেখুন)।

ভোটাধিকারের বিজ্ঞপ্তিতে কীভাবে ভোট দিতে হবে তার নির্দেশাবলী, আপনার বসবাসের স্থানের কাছাকাছি অগ্রিম ভোটদানের স্থানগুলির তালিকা এবং আপনার ভোটাধিকার সম্পর্কে তথ্য থাকবে। ভোটকেন্দ্রে আপনার ভোটাধিকারের বিজ্ঞপ্তি সঙ্গে

আনার প্রয়োজন নেই; আপনার আইডি কার্ডই যথেষ্ট। তবে, যদি আপনি কোনও প্রতিষ্ঠানে বা বিদেশে ভোট দেন, তাহলে ভোটাধিকারের বিজ্ঞপ্তিটি সঙ্গে নিয়ে যাবেন।

## যোগ্যতা – কারা প্রার্থী হতে পারবেন ?

আপনি *পৌরসভা নির্বাচনে* প্রার্থী হতে পারেন যদি:

• আপনি আপনার নিজস্ব আবাসিক পৌরসভায় প্রার্থী হিসেবে দাঁড়ান ; এবং
• ফিনল্যান্ডের কোনো একটি পৌরসভায় আপনার ভোট দেবার অধিকার থাকে।

আপনি *আঞ্চলিক নির্বাচনে* প্রার্থী হতে পারেন যদি:

• আপনার নিজস্ব আবাসিক পৌরসভা সেই কল্যাণ অঞ্চলের মধ্যে যেখানে আপনি প্রার্থী হিসাবে দাঁড়িয়েছেন ; এবং
• আপনার আঞ্চলিক নির্বাচনে ভোট দেবার অধিকার আছে।

তবে, কল্যাণ অঞ্চল আইনে এবং পৌর আইনে তালিকাভুক্ত কিছু সরকারি কর্মকর্তা, সেইসাথে কল্যাণ অঞ্চল বা পৌরসভার নেতৃস্থানীয় কর্মকর্তা এবং কর্মচারীরা নির্বাচনে দাঁড়ানোর যোগ্য নন।
আদালতের রায়ে যাদের অযোগ্য ঘোষণা করা হয়েছে তারাও প্রার্থী হতে পারবেন না।

## প্রার্থীদের মনোনয়ন

আঞ্চলিক ও পৌরসভা নির্বাচনে প্রার্থী মনোনীত করতে পারে:

• নিবন্ধিত রাজনৈতিক দল
• ভোট দেবার অধিকারিরা, যারা নির্বাচনী সমিতি প্রতিষ্ঠা করেছেন।

আঞ্চলিক নির্বাচনের প্রার্থী এবং পৌর নির্বাচনের প্রার্থীদের আলাদাভাবে মনোনীত করা হয়।

রাজনৈতিক দলগুলি তাদের নিজস্ব নিয়ম অনুসারে তাদের নিজস্ব প্রার্থীদের সিদ্ধান্ত নেয়। যদি আপনি দলীয় প্রার্থী হতে চান, তাহলে আপনাকে দলের সাথে সেই বিষয় একমত হতে হবে।

একটি নির্বাচনী সমিতি প্রতিষ্ঠার জন্য, পৌরসভা নির্বাচনে ভোটাধিকারপ্রাপ্ত পৌরসভার দশজন অধিবাসীর প্রয়োজন । তবে, কম জনসংখ্যার পৌরসভাগুলিতে, এই সমিতি প্রতিষ্ঠার জন্য মাত্র তিন বা পাঁচজন অধিবাসীই যথেষ্ট।

আঞ্চলিক নির্বাচনে, নির্বাচনী সমিতি প্রতিষ্ঠার জন্য একই কল্যাণ অঞ্চলের ভোটাধিকারপ্রাপ্ত ৫০ জন অধিবাসীর প্রয়োজন।

আঞ্চলিক নির্বাচনে প্রার্থী হিসেবে দাঁড়ানোর জন্য আবেদনপত্র সেই কল্যাণ অঞ্চলের আঞ্চলিক নির্বাচন বোর্ডে এবং পৌর নির্বাচনে আবেদনপত্র সেই পৌরসভার কেন্দ্রীয় নির্বাচন বোর্ডে জমা দিতে হয়।

সরকারীভাবে অনুমোদিত প্রত্যেক প্রার্থীর নিজস্ব প্রার্থী নম্বর থাকবে । যদি একই ব্যক্তি আঞ্চলিক এবং পৌরসভার নির্বাচনে প্রার্থী হন, তাহলে আঞ্চলিক নির্বাচনে এবং পৌর নির্বাচনে তাদের ভিন্ন প্রার্থী নম্বর থাকবে। আলাদাভাবে প্রতিটি নির্বাচনের জন্য কাগজে প্রিন্ট করা একত্রিত প্রার্থী তালিকা প্রস্তুত করা হবে , যেখানে প্রার্থীদের নম্বর অনুযায়ী তালিকাভুক্ত করা হবে।

একত্রিত প্রার্থী তালিকা ১৩.৩.২০২৫ -তারিখে তৈরি করা হবে। এই তালিকাগুলি ভোটকেন্দ্রে এবং বিচার মন্ত্রণালয়ের নির্বাচনী ওয়েবসাইটে (www.vaalit.fi) দেখা যাবে।

**ভোটদান**
আপনি নির্বাচনের দিন, রবিবার, ১৩.৪.২০২৫ - তারিখে অথবা নির্বাচনের দিনের আগে আগাম ভোটদানের সময় ভোট দিতে পারেন।

আঞ্চলিক এবং পৌরসভা নির্বাচনে আপনি একই সময়ে সব ভোটকেন্দ্রে ভোট দিতে পারবেন। চাইলে, আপনি শুধুমাত্র একটি নির্বাচনে ভোট দিতে পারবেন।
আপনি যে কোন নির্বাচনেই শুধুমাত্র একবার ভোট দিতে পারবেন।

আঞ্চলিক নির্বাচনে বেগুনি রঙের ব্যালট পেপার এবং পৌর নির্বাচনে সাদা ব্যালট পেপার ব্যবহার করে ভোট দেওয়া হয়।

**অগ্রিম ভোটদান:**

অগ্রিম ভোটগ্রহণ শুরু হবে **বুধবার, ২.৪.২০২৫**
বিদেশে অগ্রিম ভোটদান **৫.৪.২০২৫ , শনিবারে** এবং ফিনল্যান্ডে **৮.৪.২০২৫, মঙ্গলবারে** শেষ হবে।

এই দিনগুলিতে আগাম ভোটদানের স্থানগুলি বিভিন্ন সময়ে খোলা থাকতে পারে।

আপনি ফিনল্যান্ড বা বিদেশে যে কোনো পাবলিক অগ্রিম ভোটদান কেন্দ্রে আগাম ভোট দিতে পারেন।

সাধারণ অগ্রিম ভোটদানের স্থান সম্পর্কে তথ্য, যেমন ঠিকানা এবং খোলা থাকার সময়, ভোটাধিকার বিজ্ঞপ্তির পরিশিষ্টে এবং www.vaalit.fi – ওয়েবসাইট-এ পাওয়া যাবে।

সাধারণ অগ্রিম ভোটদানের স্থানগুলি ছাড়াও সীমিত পরিমাণে হাসপাতাল, সমাজকল্যাণ ইউনিট, গ্যারিসন বা ব্যারাক এবং জেল ইত্যাদি অথবা বিদেশে ফিনিশ জাহাজগুলিতেও অগ্রিম ভোটদান সম্ভব। প্রতিষ্ঠানগুলিতে, শুধুমাত্র চিকিৎসাধীন বা সেখানে গৃহীত ব্যক্তিরা ভোট দিতে পারবেন এবং জাহাজে, শুধুমাত্র জাহাজ কর্মীরা ভোট দিতে পারবেন।

যাদের জন্য বাড়ি থেকে বের হয়ে ভোটকেন্দ্রে যাওয়া অতিরিক্ত কষ্টের কারণ হবে, তারা ঘরে বসে অগ্রিম ভোট দিতে পারবেন। ১.৪.২০২৫ – এর মধ্যে, বিকেল ৪-টার আগে, আপনার পৌরসভার কেন্দ্রীয় নির্বাচন বোর্ডে বাড়িতে ভোটার হিসেবে নাম রেজিস্ট্রী করতে হবে।

যদি আপনি ভোটদানের সম্পূর্ণ সময় এবং নির্বাচনের দিন বিদেশে থাকেন, তাহলে আপনি বিকল্পভাবে বিদেশ থেকে ডাকযোগে ভোট দিতে পারেন।

ডাকযোগে ভোট দেওয়ার জন্য, আপনাকে বিচার মন্ত্রণালয়ের অর্ডার সার্ভিস (www.vaalit.fi/kirjeaanestys) থেকে *আপনার বিদেশের ঠিকানায়* ডাকযোগে ভোটদানের উপকরণ অর্ডার করতে হবে।

**নির্বাচনের দিনে ভোটদান:**

নির্বাচনের দিন ভোট দেবার সময় **রবিবার ১৩.৪.২০২৫, সকাল ৯টা - রাত ৮টা** পর্যন্ত ।

নির্বাচনের দিন আপনার ভোটাধিকার সম্পর্কে আপনাকে পাঠানো বিজ্ঞপ্তিতে উল্লেখ করা ভোটকেন্দ্রে আপনি ভোট দিতে পারবেন ।

ভোটদানের পদ্ধতি সম্পর্কে আরও বিস্তারিত নির্দেশনা আপনি পেতে পারেন, উদাহরণস্বরূপ, আপনার ভোটাধিকারের বিজ্ঞপ্তি থেকে, www.vaalit.fi ওয়েবসাইটে, অথবা ভোটকেন্দ্রের নির্বাচন কর্মকর্তাদের কাছ থেকে।

**অধিক তথ্য**

• নির্বাচন সম্পর্কে আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে আপনার আবাসিক পৌরসভার কেন্দ্রীয় নির্বাচন বোর্ডের সাথে যোগাযোগ করুন।
ফিনিশ ডিজিটাল এবং জনসংখ্যা তথ্য সংস্থা ব্যক্তিগত ভোটাধিকার সম্পর্কিত প্রশ্নের উত্তর দেয়।
উভয়ের যোগাযোগের তথ্য ভোটাধিকার বিজ্ঞপ্তিতে রয়েছে।

• আপনি অগ্রিম ভোটদান কেন্দ্রের ঠিকানা এবং খোলা থাকার সময়, ডাকযোগে ভোট দেওয়ার নির্দেশাবলী, প্রার্থীদের সম্পর্কে তথ্য এবং নির্বাচন সম্পর্কিত অন্যান্য তথ্য বিচার মন্ত্রণালয়ের ওয়েবসাইট **www.vaalit.fi**-তে পেতে পারেন।